



মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, যশোর  
কলেজ শাখা



স্মারক নম্বর: ৩৭.১১.৪০৪১.৪৪১.৩৩.০০১.২০.৩৩

তারিখ: ৩১ ভাদ্র ১৪২৯

১৫ সেপ্টেম্বর ২০২২

বিষয়: খুলনা জেলার বটিয়াঘাটা উপজেলাধীন খগেন্দ্রনাথ মহিলা কলেজের অধ্যক্ষের শূন্য পদে জ্যেষ্ঠতা  
বিধি অনুসারে জ্যেষ্ঠতম শিক্ষককে ভারপ্রাপ্ত অধ্যক্ষের দায়িত্ব প্রদান প্রসঙ্গে

সূত্র: সুজন বাছাড় গং-এর ০৪-০৮-২০২২ খ্রি. তারিখের আবেদন

উপর্যুক্ত বিষয় ও সূত্রের পরিপ্রেক্ষিতে নির্দেশক্রমে জানানো যাচ্ছে যে, খুলনা জেলার বটিয়াঘাটা উপজেলাধীন খগেন্দ্রনাথ মহিলা কলেজের অধ্যক্ষের শূন্য পদে জ্যেষ্ঠতা বিধি লঙ্ঘন করে একজন জুনিয়র শিক্ষককে ভারপ্রাপ্ত অধ্যক্ষের দায়িত্ব প্রদান করা হয়েছে মর্মে জনাব সুজন বাছাড় গং একটি অভিযোগ দায়ের করেছেন। তিনি সরকারি বিধি মোতাবেক জ্যেষ্ঠতার ভিত্তিতে একজন শিক্ষককে ভারপ্রাপ্ত অধ্যক্ষের দায়িত্ব প্রদান করার জন্য আবেদন করেছেন।

শিক্ষা মন্ত্রণালয়ের ০৬-০৬-২০১১ খ্রি. তারিখের শিম/শাঃ১১/৩-৯/২০১১/৩৫৬ সংখ্যক স্মারক পত্রের নির্দেশনা অনুসারে কোনো বেসরকারি স্তরের উচ্চ মাধ্যমিক শিক্ষা প্রতিষ্ঠানে প্রধান শিক্ষক/অধ্যক্ষ পদ শূন্য হলে সহকারী প্রধান শিক্ষক/উপাধ্যক্ষ যথাক্রমে প্রধান শিক্ষক/অধ্যক্ষের দায়িত্ব পালন করবেন। সহকারী প্রধান শিক্ষক/উপাধ্যক্ষ না থাকলে সংশ্লিষ্ট প্রতিষ্ঠানের জ্যেষ্ঠতম শিক্ষক প্রধান শিক্ষক/অধ্যক্ষ-এর দায়িত্ব পালন করবেন মর্মে নিয়ম রয়েছে। এমতাবস্থায়, শিক্ষা মন্ত্রণালয়ের উপর্যুক্ত স্মারক পত্রের নির্দেশনার আলোকে উপর্যুক্ত কলেজের অধ্যক্ষের শূন্য পদে কলেজের জ্যেষ্ঠতম শিক্ষককে ভারপ্রাপ্ত অধ্যক্ষের দায়িত্ব প্রদান করে এ বোর্ডকে অবহিত করার জন্য বলা হলো।

১৫-৯-২০২২

কে এম রক্বানী

কলেজ পরিদর্শক

ফোন: ০২৪৭৭৭৬২৬৯৮

সভাপতি, গভর্নিং বডি, খগেন্দ্রনাথ মহিলা কলেজ

বটিয়াটা, খুলনা

ইমেইল: [ic@jessoreboard.gov.bd](mailto:ic@jessoreboard.gov.bd)

স্মারক নম্বর: ৩৭.১১.৪০৪১.৪৪১.৩৩.০০১.২০.৩৩/১(৬)

তারিখ: ৩১ ভাদ্র ১৪২৯

১৫ সেপ্টেম্বর ২০২২

সদস্য অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হল: (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)

- ১) জেলা প্রশাসক, জেলা প্রশাসকের কার্যালয়, খুলনা
- ২) জেলা শিক্ষা কর্মকর্তা, জেলা শিক্ষা অফিস, খুলনা
- ৩) উপজেলা নির্বাহী অফিসার, উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়, উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়, বটিয়াঘাটা, খুলনা
- ৪) অধ্যক্ষ, খগেন্দ্রনাথ মহিলা কলেজ, বটিয়াঘাটা, খুলনা
- ৫) জনাব সুজন বাছাড়, প্রভাষক, রসায়ন, খগেন্দ্রনাথ মহিলা কলেজ, বটিয়াঘাটা, খুলনা
- ৬) সেকশন অফিসার, কলেজ অনুমোদন শাখা, মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, যশোর

১৫-৯-২০২২

কে এম রব্বানী  
কলেজ পরিদর্শক